



ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার ইনস্টিটিউট (ডিগ্রি), পঞ্চগড়।

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

EIIN : 132011

২০২৬ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা এই প্রতিষ্ঠানে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য Online-এর মাধ্যমে আবেদন করতে পারবে। ভর্তির জন্য অনলাইন (www.xiclassadmission.gov.bd) এর মাধ্যমে আবেদন করতে হবে। বিস্তারিত জানতে:

<https://bjsi.edu.bd>

ক্রমিক	বিভাগ	ভার্সন	অনুমোদিত আসন সংখ্যা
ক	বিজ্ঞান	বাংলা	১৫০
খ	মানবিক	বাংলা	৩২০
গ	ব্যবসায় শিক্ষা	বাংলা	১৫০
ঘ	ব্যবসায় ব্যবস্থাপনা টেকনোলজি (বি.এম.টি)	বাংলা	১০০

❖ কলেজ পছন্দক্রমের ক্ষেত্রে ব্যারিস্টার জমির উদ্দিন সরকার ইনস্টিটিউট-এ (EIIN : 132011) ভর্তিচ্ছু শিক্ষার্থীকে পছন্দক্রম তালিকায় অবশ্যই এই প্রতিষ্ঠানকে ০১ (এক) নম্বরে রাখতে হবে।

➤ **বিভাগ নির্বাচন:**

ক। **বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে:** বিজ্ঞান বিভাগ হতে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের যে কোন একটিতে আবেদন করতে পারবে। তবে বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা অন্য বিভাগে একবার ভর্তি হওয়ার পর পরবর্তীতে আর বিজ্ঞান বিভাগে প্রত্যাবর্তন করতে পারবে না।

খ। **মানবিক বিভাগের ক্ষেত্রে:** মানবিক বিভাগ হতে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের যে কোন একটিতে আবেদন করতে পারবে।

গ। **ব্যবসায় শিক্ষার ক্ষেত্রে:** ব্যবসায় শিক্ষা বিভাগ হতে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগের যে কোন একটিতে আবেদন করতে পারবে।

ঘ। **ব্যবসায় ব্যবস্থাপনা টেকনোলজী (বি.এম.টি) এর ক্ষেত্রে:** এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো শিক্ষার্থী আবেদন করতে পারবে।

➤ **এই প্রতিষ্ঠানের পঠিতব্য বিষয়সমূহ:**

ক. **বিজ্ঞান বিভাগ** : বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, উচ্চতর গণিত।

খ. **মানবিক বিভাগ** : বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, সমাজবিজ্ঞান, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, ভূগোল, মনোবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, যুক্তিবিদ্যা এবং পরিসংখ্যান।

গ. **ব্যবসায় শিক্ষা বিভাগ** : বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, হিসাববিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং পরিসংখ্যান।

ঘ. **ব্যবসায় ব্যবস্থাপনা টেকনোলজি (বি.এম.টি) শাখা:** ট্রেড-১: ডিজিটাল টেকনোলজি ইন বিজনেস ও ট্রেড-২: হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট এর মধ্যে যে কোনো একটি।

প্রতিষ্ঠানের বৈশিষ্ট্যসমূহ:

(১) সৃজনশীল পদ্ধতিতে প্রশিক্ষণপ্রাপ্ত ও উচ্চতর ডিগ্রিধারী অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দ্বারা পাঠদান। (২) ভিন্ন ভিন্ন সেকশন ভিত্তিক পাঠদান। (৩) ইন্টারনেট সুবিধা সম্বলিত আইসিটি ল্যাব। (৪) সিসি ক্যামেরা দ্বারা নিয়ন্ত্রিত নিরাপত্তা ব্যবস্থা ও ধূমপানমুক্ত প্রতিষ্ঠান। (৫) নিয়মিত গ্রন্থাগার পাঠকক্ষের ব্যবহার ও সহশিক্ষা কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীদের মানোন্নয়ন। (৬) বিভিন্ন ধরনের সহপাঠ্যক্রমিক কার্যক্রমের সুবিধা (৭) প্রতিষ্ঠানটি দক্ষ গভর্নিং বডির মাধ্যমে পরিচালিত। (৮) অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে পুরস্কার প্রদান। (৯) রোভার স্কাউটিং, কুইজ প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, বিজ্ঞান মেলা এবং বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ। (১০) শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাউন্সেলিং এর ব্যবস্থা।

*** **বিশেষ দ্রষ্টব্য:** নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর ১৮/০৯/২০২৬ খ্রি. (শুক্রবার রাত ৮.০০ টা) তারিখের মধ্যে প্রয়োজনীয় ফি প্রদান সাপেক্ষে অবশ্যই নিশ্চায়ন সম্পন্ন করতে হবে, নতুবা ভর্তির সুযোগ বাতিল হয়ে যাবে।

এম.এ. মজিদ

সভাপতি, গভর্নিং বডি

ব্যারিস্টার জমির উদ্দিন সরকার ইনস্টিটিউট (ডিগ্রি), পঞ্চগড়।

কাজী মো. কায়েদ-ই-আজম

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ব্যারিস্টার জমির উদ্দিন সরকার ইনস্টিটিউট (ডিগ্রি), পঞ্চগড়।

মোবাইলঃ ০১৭১৭-৯৪৮৭৭৯